

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শের-ই-বাংলা নগর, ঢাকা
www.mod.gov.bd

নম্বর-২৩.০০.০০০০.২৫০.১১.০৩০.১৯.৬২

তারিখ : ১০ চৈত্র ১৪২৬
২৪ মার্চ ২০২০

প্রজ্ঞাপন


প্রতিরক্ষা মন্ত্রণালয়ের অধীন মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) অ্যারোনটিক্যাল ইঞ্জিনিয়ারিং বিভাগে সহকারী অধ্যাপক পদে মোঃ জালাল উদ্দিন রুমি, পিতা: মোঃ ইকবাল হোসেন, মাতা: কহিনুর আজিজ, বাসা: ক-৬৮/২, খাঁ পাড়া, খিলক্ষেত, ঢাকা-১২২৯-কে বিভাগীয় নিয়োগ কমিটির সুপারিশক্রমে সরকারি বিধি অনুযায়ী প্রাপ্য অন্যান্য ভাতাদি/সুবিধাদিসহ জাতীয় বেতনস্কেল, ২০১৫ অনুসারে টাকা ৩৫৫০০-৬৭০১০/- (৬ষ্ঠ গ্রেড) বেতনস্কেলে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করা হলো :

শর্তসমূহ:

- (ক) মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজী (কর্মকর্তা ও কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০০৫ ও সংশোধিত ২০১১-এর ৬(১)(ক) বিধি অনুযায়ী চাকরিতে যোগদানের তারিখ থেকে তিনি ২(দুই) বছর শিক্ষানবিস হিসাবে কর্মরত থাকবেন;
- (খ) শিক্ষানবিসকাল শেষ হওয়ার পর সন্তোষজনক চাকরির রেকর্ডের ভিত্তিতে উল্লিখিত নিয়োগবিধির ৬ নম্বর বিধিতে বর্ণিত শর্তাদি পূরণসাপেক্ষে তাঁর চাকরি স্থায়ীকরণের বিষয় বিবেচনাযোগ্য হবে। প্রয়োজনবোধে এ শিক্ষানবিসকালের সময়সীমা আরও ২(দুই) বছর পর্যন্ত বর্ধিত করা যাবে;
- (গ) শিক্ষানবিসকালে আচরণ ও কর্ম সন্তোষজনক বিবেচিত না হলে অথবা নিয়োগকৃত পদে বহাল থাকার জন্য প্রয়োজনীয় দক্ষতা অর্জন করতে না পারলে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর চাকরির অবসান (terminate) ঘটাতে পারবে;
- (ঘ) এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী বিধায় কোন কারণ দর্শানো ব্যতিরেকে শিক্ষানবিসকালে অথবা চাকরি স্থায়ী হওয়ার পূর্ব পর্যন্ত যে কোন সময়ে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করতে পারবে;
- (ঙ) এ নিয়োগপত্রে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি এরূপ ক্ষেত্রে সরকারি প্রচলিত আইন, আদেশ, বিধিমালা এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান দ্বারা তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- (চ) তিনি যদি কখনও চাকরিতে ইস্তফা দিতে চান তবে যে তারিখে ইস্তফা দেবেন সে তারিখের ৩০(ত্রিশ) দিন পূর্বে তাঁকে লিখিতভাবে কর্তৃপক্ষকে জানাতে হবে অথবা তাঁর ১(এক) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ সরকারি খাতে যথাযথভাবে জমা দিতে হবে;
- (ছ) আগামী ২৩ এপ্রিল ২০২০ তারিখের মধ্যে অফিসসময়ে তাঁকে কমান্ড্যান্ট, মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি (এমআইএসটি), মিরপুর সেনানিবাস, ঢাকা বরাবর যোগদান করতে হবে। উপযুক্ত কারণ ব্যতিরেকে নির্ধারিত তারিখ ও সময়ে চাকরিতে যোগদানে ব্যর্থ হলে এ নিয়োগ বাতিল বলে গণ্য হবে;
- (জ) চাকরিতে যোগদানের জন্য তিনি কোন প্রকার টিএ/ডিএ প্রাপ্য হবেন না;
- (ঝ) এ আদেশ মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) সাংগঠনিক কাঠামোভুক্ত ষষ্ঠ গ্রেডের সহকারী অধ্যাপক পদে যোগদানের তারিখ থেকে কার্যকর হবে।

২। যোগদানের সময় এ নিয়োগপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক এর ফটোকপি দাখিল করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২৪.০৬.২০২০

(কামরুজজামান)

উপসচিব

ফোন : ৯১৪২৯৯১

E-mail : d7@mod.gov.bd

তারিখ : ১০ চৈত্র ১৪২৬
২৪ মার্চ ২০২০

নম্বর-২৩.০০.০০০০.২৫০.১১.০৩০.১৯.৬২

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
- ৩। কমান্ড্যান্ট, মিলিটারি ইনস্টিটিউট অব সাইন্স অ্যান্ড টেকনোলজি, মিরপুর সেনানিবাস, ঢাকা;
- ৪। অর্থ নিয়ন্ত্রক (বিবিধ), ঢাকা সেনানিবাস, ঢাকা;
- ৫। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস তেজগাঁও, ঢাকা (বাংলাদেশ গেজেটে প্রকাশের অনুরোধসহ);
- ✓ ৬। সিস্টেম অ্যানালিস্ট, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল);
- ৭। সচিবের একান্ত সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৮। অতিরিক্ত সচিব (অনুবিভাগ-১)-এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রতিরক্ষা মন্ত্রণালয়, ঢাকা (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য); এবং
- ৯। মোঃ জালাল উদ্দিন রুমি, পিতা: মোঃ ইকবাল হোসেন, মাতা: কহিনুর আজিজ
স্থায়ী ঠিকানা: গ্রাম: মুনশুরপুর, ডাকঘর ও থানা: কালীগঞ্জ, জেলা: গাজীপুর;
বর্তমান ঠিকানা: বাসা: ক-৬৮/২, খাঁ পাড়া, খিলক্ষেত, ঢাকা-১২২৯।